তারিখ 31 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৩

দৈনিক
আমাদের সময়

# ভেড়ামারার ইউএনওকে মারধর প্রশাসনের কর্মচারীর

কুষ্টিয়া প্রতিনিধি ●
জেএসসি পরীক্ষার ডিউটিকে কেন্দ্র করে উত্তপ্ত বাক্যবিনিময়ের পর জেলার ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শান্তি মণি চাকমাকে পিটিয়েছেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসাধীন উপজেলা রিসোর্স সেন্টারের সহকারী ইন্সট্রাক্টর রমেন্দ্র নাথ বিশ্বাস। গতকাল রোববার বেলা পৌনে ১১টার দিকে উপজেলা নির্বাহী কর্মকর্তার নিজ কার্যালয়ে এ ঘটনা ঘটে। ভেড়ামারা উপজেলা নির্বাহী অফিসার শান্তি মণি চাকমা জানান, অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার ডিউটি দেওয়া হয় উপজেলা রিসোর্স সেন্টারের সহকারী ইন্সট্রাক্টর রমেন্দ্র নাথ বিশ্বাসকে। এতে তিনি ক্ষুব্ধ হয়ে এরপর পৃষ্ঠা ৬, কলাম ৭

## ভেড়ামারার ইউএনওকে

(শেষ পৃষ্ঠার পর) অফিসে এসে আপত্তিকর কথাবার্তা বলতে থাকেন এবং এক পর্যায়ে উত্তেজিত হয়ে তিনি আমার ওপর হামলা চালান। পরে অফিসের অন্য স্টাফরা ছুটে এসে তাকে নিবৃত করেন। এ ব্যাপারে জানতে চাইলে উপজেলা রিসোর্স সেন্টারের সহকারী ইন্সট্রাক্টর রমেন্দ্র নাথ বিশ্বাস বলেন, আমি ডিউটি বাতিল করার জন্য একাধিকবার অনুরোধ করেছি। অনুরোধ রক্ষা না করা এবং এ নিয়ে তার সঙ্গে খারাপ আচরণ করায় তাকে মারধর ও লাথি মেরেছি।

এ বিষয়ে বেলা ১২টার দিকে উপজেলায় জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপজেলা প্রশাসন ও স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, পুলিশ ও স্থানীয় সাংবাদিকরা অংশগ্রহণ করেন। সভা শেষে রমেন্দ্র নাথ বিশ্বাস নেশাসক্ত কিনা তা পরীক্ষার জন্য পুলিশের মাধ্যমে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানো হয়। কুষ্টিয়ার সহকারী পুলিশ সুপার (ভেড়ামারা সার্কেল) কামরুল হাসান বলেন, রমেন্দ্র নাথ বিশ্বাসকে আটক করা হয়েছে এবং সে মাদকাসক্ত কিনা তা পরীক্ষার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়েছে। এ ব্যাপারে তার বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে।